



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

নথি নং- ৫৪/পস/মার্চ/০৪

তারিখ- ০২/৩/১৬

বিষয় : ২০১৭ সালের এইচএসসি পরীক্ষার মূলসনদ বিতরণ প্রসঙ্গে।

আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আপনার শিক্ষা প্রতিষ্ঠানের ২০১৭ সালের এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের মূল সনদপত্র নিম্নে বর্ণিত সময় ও নিয়ম অনুযায়ী অত্র অফিস থেকে গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

বিতরণের তারিখ : ১৮/০৩/২০১৮ হতে ২৯/০৩/২০১৮ পর্যন্ত।

সময় : সকাল ১০:০০ টা থেকে বিকাল ৩:০০ টা পর্যন্ত।

সনদ বিতরণের স্থান : ০৪ নং ভবনের ৫ম তলা (লিফটের ৪)।

আপনার শিক্ষা প্রতিষ্ঠানের মূল সনদপত্র গ্রহণ করার জন্য গ্রুপওয়ারি কতজন ছাত্র/ছাত্রী উত্তীর্ণ হয়েছে তার বিবরণসহ নিজে অথবা দায়িত্বশীল প্রতিনিধিকে প্রাধিকার পত্র দিয়ে তিনটি নমুনা স্বাক্ষর সত্যায়িতসহ সনদপত্র গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। ভারপ্রাপ্ত অধ্যক্ষ/ ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক নিজের বা প্রেরিত প্রতিনিধির বেলায় অর্থাৎ উভয় ক্ষেত্রেই সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটির/গভর্নিং বডি'র সিদ্ধান্তের কপিসহ মূল সনদপত্র গ্রহণের জন্য আবেদনের উপর ম্যানেজিং কমিটির সভাপতি/গভর্নিং বডি'র চেয়ারম্যান অথবা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের প্রতিস্বাক্ষর অবশ্যই আনতে হবে। অন্যথায় মূল সনদপত্র প্রদান করা সম্ভব হবে না।

প্রকাশ থাকে যে, কোন ছাত্র/ছাত্রী সাময়িক সনদপত্র গ্রহণ করে থাকলে মূল সনদপত্র প্রদানের সময় সাময়িক সনদপত্র ফেরৎ নিতে হবে। পরবর্তীতে সমস্ত সাময়িক সনদপত্র নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে জমা দিতে হবে।

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক

ঢাকা বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান।

স্বাঃ-
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।
ফোন নং- ৯৬৬৯৮১৫

০২/০৩/১৮
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা।
ফোন নং- ৮৬১০১৭৩

১০/৩/১৬